



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 5th Semester Examination, 2023-24



BNGADSE01T-BENGALI (DSE1/2)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করছে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

- ১। কৃত্তিবাস ওঝা অনুদিত রামায়ণের 'আরণ্যকাণ্ডে' বর্ণিত 'শূর্ণগখার নাসাকর্ণচ্ছেদন' অংশটির পরিচয় দাও। ১০
অংশটির পরিকল্পনায় কৃত্তিবাসের দক্ষতা দেখাও।
অথবা
কৃত্তিবাস ওঝার 'শ্রীরাম পাঁচালী'র অন্তর্গত 'আরণ্যকাণ্ডে' বর্ণিত জটায়ু ও মারীচ আখ্যানের গুরুত্ব বিচার করো। ১০
- ২। বিপ্রদাস পিপীলাই-এর মনসামঙ্গল কাব্যের চতুর্থ পালার সপ্তম ও অষ্টম অধ্যায়ে যে সর্পসত্র যজ্ঞের প্রস্তুতি এবং যজ্ঞের বিবরণ আছে, তার পরিচয় দিয়ে অংশ দুটিতে কবির রচনাকৌশলের নৈপুণ্য ব্যাখ্যা করো। ১০
অথবা
বিপ্রদাস পিপীলাই-এর মনসামঙ্গল কাব্যের পাঠ্য অংশ অবলম্বনে মনসা চরিত্র নির্মাণে কবির দক্ষতা ও দূরদর্শিতার পরিচয় দাও। ১০
- ৩। দ্বিজ মাধব বিরচিত 'মঙ্গলচণ্ডীর গীত' কাব্যে পরিবেশিত বাস্তবতার স্বরূপ উদ্ঘাটন করো। ১০
অথবা
দ্বিজ মাধব রচিত 'মঙ্গলচণ্ডীর গীত' কাব্যে ব্যাধনারী ফুলরা চরিত্রে নারীত্বের আশা-আকাঙ্ক্ষা ও আশংকা যেরূপে প্রতিফলিত হয়েছে, সে বিষয়ে আলোকপাত করো। ১০
- ৪। ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যের প্রথম খণ্ডে উপস্থাপিত হাস্যরসের পরিচয় দাও। ১০
অথবা
রায়গুণাকর ভারতচন্দ্র রচিত 'অন্নদামঙ্গল' কাব্যের প্রথম খণ্ড অবলম্বনে শিব চরিত্রের মানবায়ন কীভাবে ঘটেছে তা লেখো। ১০
- ৫। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ ৫×২= ১০
- (ক) "জন্মে জন্মে প্রভু তুমি হয়ো মোর পতি। ১+১+৩
আর কোন জন্মে মোর করো না দুর্গতি॥"
— কে, কাকে এ কথা বলেছেন? কোন্ দুর্গতির কথা বলা হয়েছে?
- (খ) "শিশুগণ বলে বুড়ি তুমি কেন এথা। ৫
কোথা হইতে আইলে এবে যাবে তুমি কোথা॥"
— উদ্ধৃতাংশের প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য ব্যাখ্যা করো।
- (গ) "বামন হইয়া বীরবর চান্দরে বাড়াও কর ১+১+৩
এহা তোমার উচিত না হয়ে।"
— কে, কাকে বলেছেন? কোন্ প্রসঙ্গে বক্তার এরূপ উক্তি?
- (ঘ) 'তপ জপ নাহি জানি ধ্যান জ্ঞান আর। ৫
তবে যে দিয়াছ দেখা সে দয়া তোমার॥'
— উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো।

—X—